



বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)

১/৪৬, পুরাতন এলিফ্যান্ট রোড, রমনা, ঢাকা-১০০০।

নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস)-এ নিম্নবর্ণিত পদে জনবল নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র/নং	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল জা : বে : স্কে :-২০১৫	পদ সংখ্যা	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা
১।	গবেষণা কর্মকর্তা গ্রেড-৯ম, বেতনস্কেল : টাকা ২২০০০-৫৩০৬০/- সরকারি ও প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী অন্যান্য ভাতাদি।	০৫টি	২২ জুন ২০২৬ তারিখে বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আন্তর্জাতিক সম্পর্ক (ইন্টারন্যাশনাল স্টাডিজ, স্ট্র্যাটেজিক স্টাডিজ ও গ্লোবাল স্টাডিজসহ), পিস এন্ড কনফ্লিক্ট স্টাডিজ, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, ইতিহাস, ভূগোল, উন্নয়ন অধ্যয়ন, পরিবেশ বিজ্ঞান, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সাইবার নিরাপত্তা ও এআই সংশ্লিষ্ট বিশেষায়িত ডিগ্রী) বিষয়ে স্নাতক অথবা স্নাতকোত্তর পর্যায়ে প্রথম শ্রেণি এবং অন্যান্য পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ থাকিতে হইবে।

- ২। প্রার্থীকে বাংলাদেশের নাগরিক এবং শারীরিকভাবে সুস্থ হতে হবে।
- ৩। পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিআইআইএসএস, ঢাকা বরাবর জমা দিয়ে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৪। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত নথি/সার্টিফিকেটসমূহ সংযুক্ত করতে হবে :
(ক) প্রার্থীর আবেদনপত্র ও পূর্ণ জীবনবৃত্তান্ত (CV), (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত ফটোকপি, (গ) জাতীয় পরিচয়পত্র (NID)/ জন্মনিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি, (ঘ) নাগরিকত্ব সনদপত্র, (ঙ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, (চ) প্রথম শ্রেণির গেজেটেড অফিসারের নিকট হতে চারিত্রিক সনদপত্র।
- ৫। আবেদনপত্র মহাপরিচালক, বিআইআইএসএস, বরাবর আগামী ২২ জুন ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছাতে হবে।
- ৬। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য স্ব স্ব ঠিকানায় পত্র/এসএমএস মারফত অবহিত করা হবে।
- ৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৮। আবেদনপত্র বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের পরীক্ষায় ডাকা হবে।
- ৯। সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ১০। কোনো তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

* বিশেষ দৃষ্টব্যঃ গত ১৪ মার্চ ২০২৫ তারিখে “দৈনিক ইত্তেফাক ও New Age এবং ১৫ মার্চ ২০২৫ তারিখে “দৈনিক প্রথম আলো” পত্রিকার বিজ্ঞপ্তি মোতাবেক ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ